



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং: জবি/পউ(উ. ও ট্রে. বা.ভ.)/০৪৮(অংশ-১)/২০০৯/৭৫

তারিখঃ ১৩/১২/২০১৭খ্রিঃ

বাড়ি/ফ্লট ভাড়া নেওয়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকাস্থ ইন্সটন/ধানমন্ডি/সেগুনবাগিচা/ওয়ারী তথা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিকটস্থ এলাকার সম্মানিত বাড়ির মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ট্রেজারার মহোদয়ের বাসস্থান হিসাবে ব্যবহারের জন্য ২৫০০ থেকে ৩০০০ বর্গফুট বিশিষ্ট বাড়ি/ফ্লট মাসিক ভাড়ার ভিত্তিতে ভাড়া নেওয়া হবে। নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ভাড়া দিতে আগ্রহী বাড়ি/ফ্লটের মালিকগণ মালিকানার প্রমাণপত্রসহ প্লিঙ্ক এরিয়া, ফ্লোর এরিয়া ও ভাড়ার পরিমাণ উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ২১/১২/২০১৭ তারিখে বেলা ১১:০০ ঘটিকার মধ্যে প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র আগামী ২১/১২/২০১৭ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় আবেদনকারীদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তাদিঃ-

- ১) ১ জানুয়ারী, ২০১৮ তারিখ থেকে বাড়ি/ফ্লট ভাড়া কার্যকর হবে।
- ২) পানি, বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন বিল ব্যতীত সকল প্রকার ট্যাক্স ও চার্জ বাড়ির মালিককে বহন করতে হবে। তবে স্পষ্টভাবে উল্লেখিত বিকল্প প্রস্তাব গ্রহণ করা যেতে পারে।
- ৩) মাসিক ভিত্তিতে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ভাড়া পরিশোধ করা হবে। তবে সরকারী নিয়ম অনুযায়ী উৎসে কর কর্তন করা হবে।
- ৪) বাসা পর্যন্ত গাড়ী (জীপ/মাইক্রোবাস) যাওয়া আসা করার মত প্রশস্ত রাস্তা থাকতে হবে।
- ৫) বাড়ির নক্সা ও নির্মাণ রাজউক কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ৬) যার/যাদের প্রস্তাব গৃহীত হবে তাঁকে/তাদেরকে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে। ১/২ বছরের জন্য অথবা আরও অধিক সময়ের জন্য (আলোচনার ভিত্তিতে) এ চুক্তি হতে পারে। উভয় পক্ষের সম্মতিতে চুক্তি নবায়নের বিষয় চিবেচনা করা যেতে পারে।
- ৭) পরিস্কার পরিচ্ছন্ন (প্রয়োজনে ডিসটেম্পার/প্লাস্টিক পেইন্ট করে দিতে হবে) বাড়ি/ফ্লট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে এবং মেয়াদান্তে তা বাড়ি/ফ্লটের মালিক/প্রতিনিধিকে বুঝিয়ে দেয়া হবে।
- ৮) ফ্যান ও লাইট ব্যতীত বৈদ্যুতিক, পানি সরবরাহ ও সেনিটারী সংক্রান্ত কোন মেরামতের প্রয়োজন হলে বাড়ি/ফ্লটের মালিকের নিজ খরচে তা' করে দিতে হবে।
- ৯) চুক্তির কোন শর্ত ভঙ্গ হলে একপক্ষ অন্য পক্ষের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ/আলোচনার মাধ্যমে তা সমাধান করতে পারবেন।
- ১০) শর্তে উল্লেখ করা হয়নি, এমন কোন প্রশ্ন/সমস্যা/শর্ত উত্থাপিত হলে উভয় পক্ষ আলোচনার মাধ্যমে তা নিষ্পন্ন করতে পারবেন।
- ১১) কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ অথবা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)

রেজিস্ট্রার ও

পরিচালক (চলতি দায়িত্ব)

পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর, জবি, ঢাকা।